

# ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড, অধ্যাদেশে রাষ্ট্রপতির সই

নিজস্ব প্রতিবেদক

ঢাকা

প্রকাশ: ১৩ অক্টোবর ২০২০, ১৫:৩৬



ধর্ষণের বিরুদ্ধে গান, কবিতা, পথনাটক, জ্ঞোগানসহ নানা কর্মসূচির মাধ্যমে সাংস্কৃতিক প্রতিবাদ করেন শিক্ষার্থী ও বাম ধারার ছাত্রসংগঠনের কর্মীরা। গতকাল বিকেলে রাজধানীর শাহবাগে ছবি: সাজিদ হোসেন

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে নারী ও শিশু নির্যাতন দমন অধ্যাদেশে সই করেছেন

রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ।

রাষ্ট্রপতির প্রেসসচিব জয়নাল আবেদীন আজ মঙ্গলবার প্রথম আলোকে এই তথ্য জানান।

জাতীয় সংসদের অধিবেশন না থাকায় এটি অধ্যাদেশের মাধ্যমে আইনে পরিণত হলো। এখন নিয়ম

অনুযায়ী, সংসদ অধিবেশন শুরু হলে এটি আইন আকারে পাস হবে।

আগের আইনে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি ছিল যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড। এখন সর্বোচ্চ শাস্তি হবে ‘মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড’।

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে নারী ও শিশু নির্যাতন দমন আইনের খসড়া গতকাল সোমবার মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদন পায়।

একের পর এক ধর্ষণের ঘটনায় দেশজুড়ে শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার আন্দোলনের মধ্যে গতকাল সোমবার মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে আইনি যাচাই (ভেটিং) সাপেক্ষে নারী ও শিশু নির্যাতন দমন আইনের ওই খসড়ার চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়।

স্বামীর সঙ্গে বেড়াতে যাওয়া এক তরুণীকে তুলে নিয়ে সিলেটের এমসি কলেজের ছাত্রাবাসে ধর্ষণ (২৫ সেপ্টেম্বর) এবং নোয়াখালীর বেগমগঞ্জের আরেক নারীকে বিবস্ত্র করে নির্যাতনের ভিডিও ৪ অক্টোবর ভাইরাল হওয়ার পর সারা দেশে মানুষের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়।

ধর্ষণ-নিপীড়ন বন্ধের দাবিতে রাজধানীর শাহবাগ, মতিঝিল, প্রেসক্লাবসহ বিভিন্ন স্থানে দুই সপ্তাহ ধরে বিক্ষোভ-প্রতিবাদ চলছে। এসব কর্মসূচি থেকে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করার দাবি ওঠে। এমন অবস্থায় আইনমন্ত্রী গত সপ্তাহে সাংবাদিকদের জানান, ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধন হতে যাচ্ছে। গতকাল ওই খসড়ার চূড়ান্ত অনুমোদন দেয় মন্ত্রিসভা।

আইনে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড রাখার পাশাপাশি আরও দুটি সংশোধনী আনা হয়েছে। এর মধ্যে একটি হলো যৌতুকের ঘটনায় মারধরের ক্ষেত্রে (ধারা ১১-এর গ) সাধারণ জখম হলে তা আপসযোগ্য


হবে। এ ছাড়া এই আইনের চিলড্রেন অ্যাক্ট-১৯৭৪-এর (ধারা ২০-এর ৭) পরিবর্তে শিশু আইন ২০১৩ প্রতিস্থাপিত হবে।

আইনমন্ত্রী আনিসুল হক গতকাল বলেছেন, ধর্ষণের সাজা মৃত্যুদণ্ড করায় এই অপরাধ কমে আসবে বলে তাঁর বিশ্বাস।

অন্যদিকে, মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা বলেছেন, ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করে আইন সংশোধনের মাধ্যমে দেশ ধর্ষণমুক্ত হবে বলে তাঁর বিশ্বাস।

তবে ধর্ষণের সর্বোচ্চ সাজা মৃত্যুদণ্ডের বিধানে উদ্বেগ প্রকাশ করেছে আইন ও সালিশ কেন্দ্র (আসক)।

(参考)



## বাংলাদেশ 性的暴行事件の最高刑を死刑に引き上げ

2020年10月14日 7時36分 NHN ニュース

南アジアの বাংলাদেশ で、女性が集団で性的暴行を受ける映像が SNS 上に拡散したことをきっかけに市民の抗議デモが全土に広がり、政府は性的暴行事件の最高刑を死刑に引き上げました。

বাংলাদেশ では、女性が男の集団から性的暴行を受ける様子を撮影した動画が SNS 上に拡散したことをきっかけに、今月、性犯罪の厳罰化を求める市民の抗

議デモが全土に広がりました。

こうした中、バングラデシュのハミド大統領は 13 日、性的暴行事件の最高刑をこれまでの終身刑から死刑に引き上げることを承認しました。

地元の人権団体によりますと、バングラデシュでは、ことしに入って先月までに 975 人の女性が性的暴行の被害を受け、このうち 43 人が死亡するなど事件が後を絶たず、厳罰化を望む世論に押されて法定刑が引き上げられた形です。

これについて国際的な人権団体の「アムネスティ・インターナショナル」は、死刑への引き上げは犯罪の抑止につながらないとして、政府に対し被害を防ぐための実効的な対策を求めています。

性犯罪の厳罰化の流れは、女性に対する性的暴行が深刻な社会問題になっている隣国のインドでも進んでいて、7 年前に最高刑が死刑に引き上げられています。